[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ফালা দিয়ে চাচাকে খুন,ছাগলে কাঁঠাল খাওয়ায় দায়ে

ছাগলে কাঁঠালের মুচি খাওয়ায় সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলায় চাচা ভুট্টো মোল্লাকে (৪০) ফালা দিয়ে খুন করে ভাতিজা শফিকুল ইসলাম (২২)।

শনিবার রাতে উপজেলার গালা ইউনিয়নের গালা ফকিরপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় আরও ২ জন আহত হয়েছেন।

রোববার সকালে ঘটনাস্থল থেকে পুলিশ তিনজনকে আটক করেছে। এরা হলেন-ঘাতক শফিকুলের বাবা সিদ্দিক মোল্লা (৫০), মা শ্রীমতি খাতুন (৪৫) ও স্ত্রী আরিফা খাতুন (১৯)।

পুলিশ ও স্থানীয়রা জানান, ছাগলে কাঁঠালগাছের মুচি খাওয়াকে কেন্দ্র করে ওই রাত সাড়ে ৮টার দিকে মৃত বনো মোল্লার ছেলে সিদ্দিক মোল্লা ও ভুট্টো মোল্লার মধ্যে ঝগড়া-বিবাদের একপর্যায়ে উভয়পক্ষের মধ্যে মারপিট শুরু হয়।

এ সময় সিদ্দিক মোল্লার ছেলে শফিকুল ইসলাম ফালা দিয়ে চাচা ভুট্টোকে আঘাত করলে তিনি গুরুতর আহত হন। তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে সেখানেই তার মৃত্যু হয়।

এ মারপিট ঠেকাতে গিয়ে মৃত বনো মোল্লার আরেক ছেলে নবীরুল (৪২) ও নিহত ভুট্টোর স্ত্রী গুরুতর আহত হন। তাদের আশঙ্কাজনক অবস্থায় বগুড়া মেডিকেলে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় শাহজাদপুর থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

এ বিষয়ে শাহজাদপুর থানার ওসি শাহিদ মাহমুদ খান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, নিহতের পরিবারের পক্ষ থেকে একটি হত্যা মামলা দায়েরের প্রস্তুতি চলছে। এ ঘটনায় আটক তিনজনকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিবের অব্যাহতির কারণ জানিয়ে আবেগঘন পোস্ট

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন রোববার হঠাৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি স্ট্যাটাস দেন। সেখানে তিনি জানান, প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিবের পদ থেকে ইস্তফা পেতে চিঠি দিয়েছেন তিনি। অব্যাহতি নেওয়ার কারণও বিস্তারিত জানিয়েছেন আবেগঘন ওই স্ট্যাটাসে।

২০১৩ সালে চুক্তিভিত্তিক নিয়োগ পান সাংবাদিক খোকন। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সাবেক এই সাধারণ সম্পাদক এর আগে যুক্তরাষ্ট্রে ছিলেন। ২০১৩ সালে নিয়োগ পাওয়ার পর থেকে তিনবার তার মেয়াদ নবায়ন করা হয়।

তার অব্যাহতি চাওয়ার তথ্যে অনেকে অবাক হয়েছেন। তবে আশরাফুল আলম খোকন জানিয়েছেন, উচ্চশিক্ষার জন্য তিনি আকর্ষণীয় এই পদ ছাড়তে চাইছেন। চুক্তিভিত্তিক চাকরিতে শিক্ষা ছুটির কোনো বিধান না থাকায় চাকরি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

ফেসবুকে খোকন লিখেছেন– যাত্রাটা শুরু হয়েছিল ১৮ আগস্ট ২০১৩। বর্তমান সরকারের প্রথম মেয়াদের মাত্র ৫ মাস বাকি তখন। যুক্তরাষ্ট্রের আয়েশি জীবন ছেড়ে অনিশ্চয়তার পথে এসে হেঁটেছিলাম। কারণ তখন সবেমাত্র আওয়ামী লীগ ৫টা সিটি করপোরেশনে লক্ষাধিক ভোটের ব্যবধানে হেরেছে। হেফাজত, বিএনপি, জামায়াতের বাঁশেরকেল্লা বাহিনীর অপপ্রচারে ত্রাহি অবস্থা। ওই সময়ে প্রধানমন্ত্রী আমাকে সুযোগ দিয়েছেন তার উপ-প্রেস সচিব হিসেবে কাজ করার। সরকারের কাজের প্রচার-প্রচারণা, গুজব প্রতিরোধ ও মিডিয়া সেক্টর নিয়ে কাজ করেছি। তবে তখনও সরকারের ব্যাপক উন্নয়নের সুনাম ছিল। আর প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তি ইমেজ ছিল এখনকার মতোই প্রতিদ্বন্দ্বীহীন।

তিন-তিনবার নিয়োগ দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি

স্থানীয় সরকার নির্বাচনে আর অংশ নেবে না বিএনপি

আগামী স্থানীয় সরকার নির্বাচনে বিএনপি অংশ নেবে না জানিয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আগামী ইউনিয়ন পরিষদে নির্বাচনে দলগতভাবে বিএনপি অংশ নেবে না।

আগামী স্থানীয় সরকার নির্বাচনে বিএনপি অংশ নেবে না জানিয়ে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আগামী ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে দলগতভাবে বিএনপি অংশ নেবে না।

রোববার দুপুরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

ফখরুল আরও বলেন, আগামীতে স্থানীয় সরকার নির্বাচনে আমরা কাউকে মনোনয়ন দেব না।

তিনি বলেন, জাতীয় প্রেস ক্লাবে আজকে ছাত্রদলের সমাবেশে পুলিশ ইচ্ছাকৃতভাবে হামলা চালিয়েছে। ডিজিটাল আইনের মাধ্যমে সরকার মত-প্রকাশের স্বাধীনতা ক্ষুণ্ন করেছে। অবিলম্বে এ আইন বাতিল করার দাবি জানিয়েছেন বিএনপি মহাসচিব। একইসঙ্গে কারাবন্দি অবস্থায় লেখক মুশতাক আহমেদের মৃত্যুর ঘটনা বিচার বিভাগীয় তদন্তেরও দাবি জানান মির্জা ফখরুল।

২০২৪ সালের নির্বাচনে অংশ নেওয়ার প্রশ্নে যা বললেন

প্রধানমন্ত্রী

স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের জন্য বাংলাদেশের জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করার সুখবরটি জাতিকে দিতে শনিবার সংবাদ সম্মেলনে এসেছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বিকাল ৪টায় প্রধানমন্ত্রী কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন তিনি। সম্মেলনে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে বাংলাদেশের এগিয়ে যাওয়ার কথা কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বাংলাদেশ গতকাল (২৬ ফেব্রুয়ারি) স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ লাভ করেছে বলে জানান। আরও বলেন, আমরা উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পূর্ণ যোগ্যতা অর্জন করেছি।

প্রধানমন্ত্রী তার লিখিত বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্ন করার সুযোগ দেন। একপর্যায়ে ২০২৪ সালের নির্বাচনে প্রধানমন্ত্রী অংশ নেবেন কি না- এক সাংবাদিক জানতে চান। জবাবে শেখ হাসিনা বলেন, ২০২৪ আসলে তখন সিদ্ধান্ত নেব, কী করব।

প্রধানমন্ত্রী বলেন, উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য ২০২৬ সাল পর্যন্ত তার মান ধরে রাখতে হবে। এজন্য আমাদের নানা চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। সব চ্যালেঞ্জ মোকাবিলা করতে প্রস্তুত। আমার মনে হয়, এ কথার মধ্যে সব উত্তর আছে।

ঢাকায় ছাত্রদলের সমাবেশে পুলিশের লাঠিপেটা, গুলি

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের খেতাব বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদে আয়োজিত ছাত্রদলের সমাবেশে নেতাকর্মীদের পুলিশ লাঠিপেটা করেছে।

এতে অনেকেই আহত হয়েছেন বলে বিএনপি চেয়ারপারসনের প্রেস উইংয়ের

সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন।

কর্মসূচি ঘিরে রোববার সকাল ১০টার দিক থেকে ছাত্রদল ও বিএনপির নেতাকর্মীরা প্রেসক্লাব এলাকায় জড়ো হতে থাকেন। বেলা সোয়া ১১টার দিকে তারা রাস্তায় নামেন।

এ সময় পুলিশ তাদের বাধা দেয়। একপর্যায়ে পুলিশ লাঠিপেটা শুরু করে। নেতাকর্মীদের যাকে সামনে পায়, তাকে লাঠিপেটা করে। চলে পাল্টাপাল্টি ধাওয়া।

পুলিশের লাঠিপেটায় একপর্যায়ে নেতাকর্মীরা ছত্রভঙ্গ হয়ে যান। তারপর নেতাকর্মীরা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল ছুড়তে থাকেন। তখন তাদের ছত্রভঙ্গ করতে পুলিশ ফাঁকা গুলি ও কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে।

শায়রুল কবির খান যুগান্তরকে বলেন, ছাত্রদলের শান্তিপূর্ণ সমাবেশে পুলিশ লাঠিপেটা করেছে। অনেকে নেতাকর্মী রক্তাক্ত হয়েছেন।

মিয়ানমারে সামরিক অভ্যুত্থানবিরোধী মিছিলে গুলিতে নিহত ১

মিয়ানমারে সামরিক অভ্যুত্থানবিরোধী বিক্ষোভ মিছিলে রোববার পুলিশের গুলিতে এক আন্দোলনকারী নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন।

১ ফেব্রুয়ারি ভোরে দেশটিতে সামরিক অভ্যুত্থান হওয়ার পর থেকে গত চার সপ্তাহ ধরে সামরিক জান্তার বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করে যাচ্ছে দেশটির জনগণ। খবর রয়টার্সের।

কিয়াও মিন হিনটিকে নামে মিয়ানমারের এক রাজনীতিক আন্তর্জাতিক গণমাধ্যমকে জানান, ডাউই শহরে একটি বিক্ষোভ মিছিলে পুলিশ নির্বিচারে গুলি চালালে রোববার এ হতাহতের ঘটনা ঘটে।

এতে ঘটনাস্থলে একজন নিহত এবং কমপক্ষে আরও ২০ জন আহত হয়েছেন।এর আগে এক তরুণীসহ তিন বিক্ষোভকারী প্রাণ হারান পুলিশের গুলিতে।

এ ব্যাপারে জানতে গণমাধ্যমগুলো দেশটির পুলিশ বা ক্ষমতাসীন সামরিক সরকারের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করলেও তারা এ ব্যাপারে কোনো মন্তব্য করেনি।

সম্প্রতি নির্বাচনে অং সান সু চির দল বিপুল ভোটে জয়লাভের পর কারচুপির অভিযোগ এনে দেশটিতে সামরিক অভ্যুথান ঘটায় সেনাবাহিনী। এখনও আটক করে রাখা হয়েছে সু চিসহ দেশটির শীর্ষ অনেক নেতাকে।

২০ বছর পর আরিচা-কাজীরহাটে ফেরি সার্ভিস চালু

দীর্ঘ ২০ বছর বন্ধ থাকার পর শনিবার আরিচা-কাজিরহাট নৌরুটে বহুকাঙ্ক্ষিত ফেরি সার্ভিস চালু হয়েছে।

সকাল সাড়ে ১০টার দিকে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী আনুষ্ঠানিকভাবে এই ফেরি সার্ভিসের উদ্বোধন করেন। এসময় অনুষ্ঠানে ছিলেন মানিকগঞ্জ-১ আসনের সংসদ সদস্য এএম নাঈমুর রহমান দুর্জয়।

এর আগে গত ৩ ফেব্রুয়ারি এই রুটে একটি ফেরি পরীক্ষামূলকভাবে চলাচল শুরু করে।

ফেরিঘাট চালুর খবরে খুশি যমুনা নদীর দুই প্রান্তের লাখো মানুষ। ফেরি চলাচল শুরুর মধ্য দিয়ে ফের ব্যবসা বাণিজ্যসহ অন্যান্য বিষয়ের উন্নয়ন হবে বলে ধারণা এলাকাবাসীর।

ঘাট কর্তৃপক্ষ জানায়, আরিচা-কাজিরহাট নৌরুটে ফেরি চলাচল শুরু করতে যমুনা নদীতে নতুন করে চ্যানেল তৈরিতে ১২ লাখ ঘন-মিটার বালু ড্রেজিংয়ের মাধ্যমে অপসারণ করা হয়েছে। দুপারের ঘাট-পন্টুন নির্মাণ, বিকন বাতি, মার্কিং বাতিসহ আনুসাঙ্গিক অবকাঠামো উন্নয়নে সরকারের এখন পর্যন্ত ব্যয় হয়েছে ১৪ কোটি টাকা।

‘ডিজিটাল নিরাপত্তা আইন মানুষকে ডিজিটাল নিরাপত্তা দেওয়ার জন্য’

কারাগারে লেখক মুশতাক আহমেদের মৃত্যুকে অনভিপ্রেত হিসাবে উল্লেখ করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, আমি তার মৃত্যুতে শোক প্রকাশ করছি। সেখানে কারা কর্তৃপক্ষের কোনো গাফিলতি ছিল কি না- সেটা খুঁজে দেখা যেতে পারে।
শুক্রবার বিকালে চট্টগ্রাম নগরীর দেওয়ানজি পুকুরপাড় নিজ বাসভবনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।
মুশতাক আহমেদের মৃত্যু প্রসঙ্গে তথ্যমন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনের অপব্যবহার যাতে না হয় সেটির জন্য আমরা সচেতন আছি, বিশেষত সাংবাদিকদের বিরুদ্ধে যাতে এই আইনের অপব্যবহার না হয়, সেজন্য তথ্য মন্ত্রণালয় ও আমি ব্যক্তিগতভাবে সবসময় সচেতন আছি এবং কোনোখানে এ ধরনের ঘটনা ঘটলে খোঁজখবর নিয়ে ব্যবস্থাও গ্রহণ করা হয়, বলেন তথ্যমন্ত্রী।
সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইন হচ্ছে বাংলাদেশের সব মানুষকে ডিজিটাল নিরাপত্তা দেওয়ার জন্য। ডিজিটাল বিষয়টা আজ থেকে ১০-১৫ বছর আগে ছিল না, সুতরাং ডিজিটাল নিরাপত্তার বিষয়টিও ছিল না। সামাজিক যোগাযোগমাধ্যমসহ অনলাইনে যখন একজন সাংবাদিকের চরিত্র হনন করা হয়, একজন গৃহিণীকে যখন অপবাদ দেওয়া হয়, একজন সাধারণ মানুষ যখন ডিজিটাল আক্রমণের শিকার হন, তিনি কোন আইনে প্রতিকার পাবেন, তখন কোন আইনের বলে সে নিরাপত্তা পাবে, সেজন্য একটা আইনের দরকার। এ জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন। উল্লেখ্য, গত বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) সন্ধ্যায় গাজীপুরের কাশিমপুর কারাগারের ভেতরেই মুশতাক হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে কারা হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য তাকে গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক রাত ৮টা ২০ মিনিটে তাকে মৃত ঘোষণা করেন। মুশতাক নারায়ণগঞ্জের আড়াইহাজার থানার ছোট

বালাপুর এলাকার মো. আবদুর রাজ্জাকের ছেলে। ঢাকা মেট্রোপলিটনের রমনা মডেল থানার ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় গত বছরের ৬ মে ঢাকা জেলে এবং পরে ২৪ আগস্ট থেকে তিনি কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে বন্দি ছিলেন। সূত্র: যুগান্তর